

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
করোনা সেল
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২২-৬৬৬

২৯ জুন ২০২২

অফিস আদেশ

সম্প্রতি বাংলাদেশে করোনা ভাইরাস সংক্রমণ দ্রুত বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে, কোভিড-১৯ জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সুপারিশ প্রতিপালনের জন্য এবং কোভিড-১৯ প্রতিরোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনাসমূহ সকলের অবগতি এবং প্রয়োজনীয় প্রতিপালনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। এ ব্যাপারে মন্ত্রণালয়ের করোনা সেল কর্তৃক গত ২৭ জুন ২০২২ তারিখে জারিকৃত নির্দেশনাসমূহ যথাযথ পালনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এবং সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক (২ পাতা)



মোঃ মনোয়ার মোকাররম

পরিচালক (করোনা সেল)

ফোনঃ ০২২২৩৩৮৫০৪৬

dircoronacell@mofa.gov.bd

বিতরণঃ

সকল কর্মকর্তা/কর্মচারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা

www.cabinet.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.৩১২

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৯

২৮ জুন ২০২২

বিষয়: কোভিড-১৯ জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সুপারিশ বাস্তবায়ন।

সূত্র: (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নম্বর: ৪৫.১৭০.০০১.০০.০০.০০৫.২০২০/১০৩ তারিখ: ২২ জুন ২০২২

(২) স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের আধা-সরকারি পত্র নম্বর: ৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০.১২১

তারিখ: ২৩ জুন ২০২২

সাম্প্রতিক কালে সারাদেশে কোভিড-১৯ আক্রান্তের হার দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে ও জনগণের মধ্যে মাস্ক পরিধান এবং স্বাস্থ্যবিধি অনুসরণে যথেষ্ট শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে মর্মে সরকারের উচ্চ মহলে আলোচনা হচ্ছে। কোভিড-১৯ জাতীয় কারিগরি পরামর্শক কমিটির বিগত ১৪.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সুপারিশ প্রতিপালনের জন্য এবং কোভিড প্রতিরোধকল্পে নিম্নোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

ক)	স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করতে সকল প্রকার গণমাধ্যমে অনুরোধ জানাতে হবে;
খ)	সকল ক্ষেত্রে মাস্ক পরা বাধ্যতামূলক করা, “নো মাস্ক নো সার্ভিস” নীতি প্রয়োগ করা, সামাজিক দূরত্ব বজায় রাখা, জনসমাগম যথাসম্ভব বর্জন করতে হবে;
গ)	ধর্মীয় প্রার্থনার স্থানসমূহে (যেমন-মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদি) মাস্ক পরা ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে;
ঘ)	জর, সর্দি, কাশি বা কোভিড-১৯-এর উপসর্গ দেখা দিলে কোভিড টেস্ট করার জন্য উদ্বুদ্ধ করতে হবে;
ঙ)	দোকান, শপিংমল, বাজার, ফ্রেতা-বিক্রেতা, হোটেল-রেস্টুরেন্ট সবাইকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে। অন্যথায় তাকে আইনানুগ শাস্তির সম্মুখীন হতে হবে; এবং
চ)	স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজে খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন।

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-৬-২০২২

মোহাম্মদ খোরশেদ আলম খান

উপসচিব

ফোন: ০২২২৩৩৮১১০৭

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: faco_sec@cabinet.gov.bd

বিতরণ :

১) সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ

অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ

২) বিভাগীয় কমিশনার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.৩১২/১(১৯০)

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯

২৮ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/বাংলাদেশ কোস্ট গার্ড/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।
- ৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর।
- ৫) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর (নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৬) জেলা প্রশাসক (সকল)।
- ৭) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।



২৯-৬-২০২২

মোহাম্মদ খোরশেদ আলম খান

উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
করোনা সেল
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৯০০.৪৪.০২৯.২২-৮৮৭


২৭ জুন ২০২২

বিজ্ঞপ্তি

সম্প্রতি বাংলাদেশে আকস্মিক করোনা ভাইরাস সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিম্নবর্ণিত বিধি-নিষেধ পালনের জন্য বিশেষভাবে উৎসাহিত করা হলোঃ

- অফিসে এবং বাইরে গেলে মাস্ক পরিধান করা।
- যথাসম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা।
- যথাসম্ভব করমর্দন ও কোলাকুলি পরিহার করা।
- যথাসম্ভব সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ভালোভাবে হাত ধোয়া।
- হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা।
- হাত না ধুয়ে চোখ, মুখ ও নাক স্পর্শ না করা।
- মন্ত্রণালয়ের কারো কোন রকম উপসর্গ দেখা দিলে কোভিড পরীক্ষা করা এবং রিপোর্ট পজিটিভ হলে সত্বর উর্ধ্বতন কর্মকর্তা ও করোনা সেলকে অবহিত করা।
- পরিবারের সদস্য বা একসাথে বসবাস করেন এমন নিকটাত্মীয়দের মধ্যে কেউ করোনা পজিটিভ হলে উর্ধ্বতন কর্মকর্তা ও করোনা সেলকে অবহিত করা।
- বুস্টার ডোজ নেওয়া না থাকলে, অতিসত্বর তা গ্রহণ করা।
- সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা মেনে চলা।

২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এবং সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এ আদেশ জারি করা হলো।


২৭.০৬.২২

মোঃ মনোয়ার মোকাররম
পরিচালক (করোনা সেল)
ফোনঃ ০২২২৩৩৮৫০৪৬

dircoronacell@mofa.gov.bd

বিতরণঃ

সকল কর্মকর্তা/কর্মচারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।